

12



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
বিসিক জেলা কার্যালয়, ময়মনসিংহ।



Bangladesh Small & Cottage Industries Corporation (BSCIC)
Website: www.bscic.mymensingh.gov.bd . Tel: 091-66853

সভাপতি: মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক ও আহবায়ক, জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটি, ময়মনসিংহ।
সভার তারিখ: ০৯/০৫/২০২১ খ্রি:।
সভার সময়: বিকাল ২.০০ ঘটিকা।
স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ময়মনসিংহ (জুম মিটিং)।
উপস্থিতি: জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির সদস্যগণ।

করোনায় ক্ষতিগ্রস্ত অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পে ঋণ সংক্রান্ত বিষয়ে উদ্যোক্তাগণের সেবা নিশ্চিতকরণের জন্য জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির ১১তম সভা জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মহোদয় বিসিক এর উপ-মহাব্যবস্থাপক জনাব উম্মে সালমা মহোদয়কে সভার কার্যক্রম শুরু করার আহবান জানান।

সভার শুরুতে বিসিকের উপ-মহাব্যবস্থাপক মহোদয় জেলা এসএমই ঋণ প্রণোদনা মনিটরিং কমিটির ১০ম সভার সারসংক্ষেপ তুলে ধরেন। এছাড়াও ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত বিভিন্ন ব্যাংকের ঋণ বিতরণের সর্বশেষ অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

সভায় করোনায় ক্ষতিগ্রস্ত শিল্প উদ্যোক্তাদের মধ্যে ঋণ প্রণোদনা বিতরণের সর্বশেষ অগ্রগতি আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: ন:	আলোচনা	সিদ্ধান্ত
০১।	<p>বিসিকের উপ-মহাব্যবস্থাপক জনাব উম্মে সালমা জানান, ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত তথ্য অনুযায়ী ৩০ এপ্রিল/ ২০২১ খ্রি: পর্যন্ত ময়মনসিংহ জেলায় ১৭১৯ জন উদ্যোক্তার মধ্যে ২০৫ কোটি ৫৩ লক্ষ টাকা বিতরণ হয়েছে। ১৯টি (সীমান্ত ব্যাংক লি:, জনতা ব্যাংক লি:, ন্যাশনাল ব্যাংক লি:, আইএফআইসি ব্যাংক লি:, সোস্যাল ইসলামী ব্যাংক লি:, এবি ব্যাংক লিমিটেড, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি:, স্ট্যান্ডার্ড ব্যাংক লি:, পূবালী ব্যাংক লি:, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি:, অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লিমিটেড, যমুনা ব্যাংক লি:, বাংলাদেশ কমার্স ব্যাংক লি:, ইউনিয়ন ব্যাংক লি:, ইস্টার্ন ব্যাংক লি:, আল-আরাফাহ ইসলামি ব্যাংক লি:, বেসিক ব্যাংক লি:, মার্কেন্টাইল ব্যাংক লি:, বাংলাদেশ কৃষি ব্যাংক) ব্যাংকের ঋণ বিতরণ ১০০% এর নিচে। তিনি জানান, পিছিয়ে পড়া ১৯টি ব্যাংকের ঋণ বিতরণ ত্বরান্বিত করাই আজকের সভার আলোচনার মূল বিষয়।</p> <p>জেলা প্রশাসক মহোদয় ১৯টি ব্যাংকের ঋণ বিতরণ অগ্রগতি ১০০% এর নিচে হওয়ার কারণ জানতে চান।</p> <p>ইউনিয়ন ব্যাংকের প্রতিনিধি জানান, তাদের সংশোধিত বরাদ্দ ৯ লক্ষ টাকা এবং এর মধ্যে ৮ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। অবিতরণকৃত টাকা নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিতরণ সম্পূর্ণ করা হবে।</p> <p>সীমান্ত ব্যাংক ও সোস্যাল ইসলামী ব্যাংকের প্রতিনিধি জানান, তাদের বিতরণ লক্ষ্যমাত্রা কেন্দ্রীয়ভাবে ১০০% সম্পূর্ণ হয়েছে।</p> <p>এসময় লীড ব্যাংকের (সোনালী ব্যাংক) উপ-মহাব্যবস্থাপক মহোদয় জানান, ময়মনসিংহ জেলার যে সকল ব্যাংক সমূহের ঋণ বিতরণ অগ্রগতি ১০০% এর নিচে</p>	<p>০১। ঋণ বিতরণে পিছিয়ে পড়া ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান সমূহকে বর্ধিত সময়সীমা ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে মোট বরাদ্দের ১০০% অর্জন নিশ্চিত করতে জেলা প্রশাসক মহোদয় উপস্থিত সকল সদস্যকে নির্দেশ প্রদান করেন।</p> <p>০২। যে সকল ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ বিতরণ ৬০% এর নিচে, দফায় দফায় সময় বাড়ানোর পরেও প্রণোদনা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত না হওয়ার কারণ জানতে চেয়ে জেলা এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির পক্ষ থেকে তাদের বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।</p> <p>০৩। যে সকল ব্যাংক সমূহের ঋণ বিতরণ অগ্রগতি ১০০% এর নিচে অথচ তাদের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা কেন্দ্রীয়ভাবে ১০০% সম্পূর্ণ করা হয়েছে, যে সকল ব্যাংক সমূহের অবিতরণকৃত ঋণ প্রধান কার্যালয়ে</p>